

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৮. ফাতওয়া প্রদানে অনীহা

بَابُ كَرَاهِيَةِ الْفُتْيَا

আরবী

أَخْبَرَنِي الْعَبَّاسُ بْنُ سُفْيَانَ، عَنْ زَيْدِ بْنِ حُبَابِ، أَخْبَرَنِي رَجَاءُ بْنُ أَبِي سَلَمَةَ، قَالَ سَمِعْتُ عُبَادَةَ بْنَ نُسَيِّ الْكِنْدِيَّ وَسُئِلَ عَنِ امْرَأَةٍ مَاتَتْ مَعَ قَوْمٍ لَيْسَ لَهَا وَلِيُّ، فَقَالَ: «أَدْرَكْتُ أَقْوَامًا مَا كَانُوا يُشَدِّدُونَ تَشْدِيدَكُمْ، وَلَا يَسْأَلُونَ مَسَائِلَكُمْ

إسناده صحيح

বাংলা

১২৯. রাজা ইবনু হায়াওয়াত বলেন, এক ওয়ালী বিহীন মহিলা যে তার নিজ গোত্রে মারা গেছে- এ জাতীয় মহিলা সম্পর্কে উবাদাহ ইবনু নুসাই আল-কিনদী রাহিমাহুল্লাহকে প্রশ্ন করা হলে, উত্তরে আমি তাঁকে বলতে শুনেছি: আমি এমন লোকদেরকে পেয়েছি, যারা কখনও তোমাদের কঠোরতার ন্যায় কঠোরতা আরোপ করতেন না এবং তোমাদের এ জাতীয় প্রশ্নের ন্যায় প্রশ্ন করতেন না ।'[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আসাকীর, আত তারীখ পৃ: ৪৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন